# 36854 - ইহরাম অবস্থায় বেল্ট পরতে কোনো আপত্তি নেই

প্রশ্ন

বেল্ট সেলাইকৃত হওয়া সত্ত্বেও বেল্ট পরা কি জায়েয হবে; যাতে করে আমি বেল্টের ভেতরে টাকা পয়সা এবং প্রয়োজনীয় কাগজপত্র রাখতে পারি।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

শাইখ ইবনে উছাইমীন (রহঃ) বলেন:

ইহরামের লুঙ্গির ওপরে বেল্ট পরতে কোনো অসুবিধা নেই, কোনো আপত্তি নেই।

পক্ষান্তরে প্রশ্নকারী প্রশ্নে বলেছেন: “বেল্টটি সেলাইকৃত” এ কথাটি সাধারণ মানুষের ভুল বুঝের ভিত্তিতে বলা হয়েছে। সাধারণ মানুষ মনে করে যে, “মাখীত” (সেলাইকৃত) দ্বারা উদ্দেশ্য হচ্ছে: যেটার মধ্যে সেলাই রয়েছে। সেলাইকৃত দ্বারা উদ্দেশ্য এটা নয়। বরং আলেমগণ এ কথা বলে বুঝাতে চান যেটাকে শরীর অঙ্গের অবয়ব অনুযায়ী বানানো হয়েছে এবং স্বাভাবিক প্রক্রিয়ায় জামা, পায়জামা বা গেঞ্জি ইত্যাদির মত সেটাকে গায়ে দেয়া হয়েছে। আলেমদের উদ্দেশ্য এটা নয় যে, যেটার মধ্যে সেলাই রয়েছে। এ কারণে কেউ যদি তালি দেয়া চাদর পরে কিংবা তালি দেয়া লুঙ্গি পরে ইহরাম বাঁধে এতে কোনো অসুবিধা নেই। যদিও তালি দেয়া পোশাকের একটি অংশকে অপর একটি অংশের সাথে সেলাই করা হয়েছে।[সমাপ্ত]